

সার্টিফিকেট বাণিজ্য

# ওএসডি হুচ্ছেন কারিগরি বোর্ডের চেয়ারম্যান

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২২ এপ্রিল ২০২৪, ০৩:১০



সার্টিফিকেট বাণিজ্যচক্রে জড়িত থাকার অভিযোগে হেফতায় হয়েছেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. আলী আকবর খানের স্ত্রী সেহেলা পারভীন। চক্রে জড়িত বলে সন্দেহের তালিকায় রয়েছেন বোর্ড চেয়ারম্যানও। এমন পরিস্থিতিতে চেয়ারম্যানকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করার প্রক্রিয়া চলছে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

সোমবার (২২ এপ্রিল) এ নিয়ে আদেশ জারি করা হতে পারে। শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল রোববার (২১ এপ্রিল) রাতে গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন।

মন্ত্রী জানিয়েছেন, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আলী আকবর খানকে ওএসডি করে অধিদপ্তরে ন্যস্ত করা হবে। তার স্থলে কারিগরি বোর্ডেরই আরেক কর্মকর্তা অধ্যাপক মো. মামুন উল হককে চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হবে।

গত ১ এপ্রিল সার্টিফিকেট বাণিজ্যের অভিযোগে গ্রেফতার হন কারিগরি শিক্ষা বোর্ডের সিস্টেম অ্যানালিস্ট প্রকৌশলী এ কে এম শামসুজ্জামান। তাকে জিজ্ঞাসাবাদে বোর্ড চেয়ারম্যান আলী আকবর খানের স্ত্রী সেহেলা পারভীনের নাম উঠে আসে।

শনিবার (২০ এপ্রিল) সেহেলা পারভীনকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। রোববার (২১ এপ্রিল) বিকেলে তাকে আদালতে হাজির করে পাঁচদিনের রিমান্ড আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা। আদালত তাকে দুইদিন রিমান্ডে নেওয়ার আবেদন মঞ্জুর করেন।